স্মারক নং- সিকৃবি/রেজি.কার্যা/শিক্ষা/ভর্তি পরীক্ষা-২০১৯(৪৪৪)/১৮/৩০৩

তারিখঃ ২৬-০৯-২০১৮ খ্রিঃ

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট

ভর্তি বিজ্ঞপ্তি

স্নাতক লেভেল-১ সেমিস্টার-১

শিক্ষাবর্ষঃ ২০১৮-২০১৯

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ৬টি অনুষদে স্নাতক কোর্স লেভেল-১ সেমিস্টার-১ এ শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তি ইচ্ছুক প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইন (Online) এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sau.ac.bd এ ভর্তি সংক্রান্ত সকল তথ্যাদি পাওয়া যাবে।

১. অনুষদ ভিত্তিক কোর্সের মেয়াদ ও আসন সংখ্যা

অনুষদের নাম	ডিগ্রির নাম	কোর্সের মেয়াদ	শিক্ষার মাধ্যম	আসন সংখ্যা	মোট
ভেটেরিনারি, এনিম্যাল ও বায়োমেডিক্যাল সায়েন্সেস	ডিভিএম	৫ বছর	ইংরেজি	৯২	৩৯৩
কৃষি	বি.এসসি.এজি. (অনার্স)	৪ বছর		৮১	
মাৎস্যবিজ্ঞান	বি.এসসি.ফিসারিজ (অনার্স)			৬৯	
কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা	বি.এসসি.এজি.ইকন. (অনার্স)			৫৮	
কৃষি প্রকৌশল ও কারিগরি	বি.এসসি.এজি. ইঞ্জি.			৫৮	
বায়োটেকনোলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং	বি.এসসি.বিজিই. (অনার্স)			৩৫	

মুক্তিযোদ্ধা, বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি/অ-উপজাতি, অন্যান্য অঞ্চলের উপজাতি (বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চল ব্যতিত) এবং বিকেএসপি কোটা বিধি **মো**তাবেক সংরক্ষণ করা হবে।

২. ভর্তির জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা

২.১ বিজ্ঞান গ্রুপে ২০১৬ সনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় এবং ২০১৮ সনে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উভয়ক্ষেত্রে ৪র্থ বিষয় ব্যতিত মোট জিপিএ ৬.৫; তবে এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় প্রতিটিতেই ৪র্থ বিষয় ব্যতিত ন্যূনতম জিপিএ ৩.০ থাকতে হবে। উল্লিখিত যোগ্যতা (জিপিএ) সাপেক্ষে ২০১৫ সনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমান এবং ২০১৭ সনে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাও আবেদন করতে পারবে।

২.২ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমান এবং উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমান পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন, জীববিদ্যা ও গণিত (এসএসসি'র ক্ষেত্রে সাধারণ গণিত) বিষয়ের প্রত্যেকটিতে আলাদাভাবে ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ এবং ইংরেজিতে ২.০ থাকতে হবে।

৩. ভর্তি পরীক্ষার আবেদন প্রক্রিয়া

৩.১ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগামী ০১ অক্টোবর ২০১৮ হতে ১৩ নভেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.sau.ac.bd) গিয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে, তবে আবেদন ফি ১৪ নভেম্বর ২০১৮ রাত ১২:০০ পর্যন্ত জমা দেয়া যাবে। আবেদনের জন্য এইচ.এস.সি এর পাশের সন, বোর্ড, রোল নম্বর এবং মোবাইল নম্বর (নিজের বা অভিভাবকের) দিয়ে sign up করলে প্রদত্ত মোবাইল নম্বরে User ID ও Password পাঠানো হবে। অতঃপর প্রদত্ত User ID ও Password দিয়ে উল্লিখিত সাইটে sign in করে এস.এস.সি এর রেজিস্ট্রেশন নম্বর, বোর্ড, রোল নম্বর, পাশের সন, ৩০০x৪০০ পিক্সেলের অনূর্ধ ১০০ KB এর রঙিন ছবি JPG format এবং কোটা সংক্রান্ত তথ্য দিয়ে আবেদন করতে হবে। আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করা হলেই আবেদনকারীর জন্য একটি Bill/Reference Number তৈরি হবে যা আবেদনকারীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। উক্ত Bill/Reference Number টি আবেদন ফি জমা প্রদানের সময় ব্যবহার করতে হবে।

৩.২ ইংরেজি প্রশ্নপত্রে পরীক্ষা দিতে ইচ্ছুক প্রার্থীকে অনলাইন রেজিস্ট্রেশনের সময় নির্ধারিত Option এ গিয়ে English নির্বাচন করতে হবে।

৩.৩ **আবেদন ফি প্রদানের নিয়মাবলী**

SureCash অথবা **Rocket** মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তি পরীক্ষার ফি প্রদান করতে হবে।

SureCash - এর মাধ্যমে টাকা পেমেন্ট করার পদ্ধতি

SureCash একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে পেমেন্ট করার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে:

i. যথাযথ কোড ডায়াল করে **SureCash** মেন্যু আনতে হবে (বাংলালিংক, গ্রামীণফোন ও রবি গ্রাহকদের জন্য *495#, এয়ারটেল গ্রাহকদের জন্য *257#, টেলিটক গ্রাহকদের জন্য *357# তে ডায়াল করতে হবে)।
ii. Payment এর জন্য 2 press করতে হবে।
iii. Payment Keyword এর জন্য **SAU** লিখতে হবে।
iv. Bill/Reference Number দিতে হবে।
v. SureCash একাউন্ট এর চার সংখ্যার গোপন PIN Number Input দিতে হবে (এক্ষেত্রে অবশ্যই আবেদনকারীর SureCash Account এ সার্ভিস চার্জসহ ৮০৮/-টাকা ব্যালেন্স থাকতে হবে)।
vi. উক্ত প্রক্রিয়া সঠিক হলে একটি Successful মেসেজ পাওয়া যাবে যার মধ্যে Transaction ID উল্লেখ থাকবে যা ভবিষ্যৎ প্রয়োজনে সংরক্ষণ করতে হবে।

SureCash হেল্প লাইন নম্বর 09609224488
(রবিবার থেকে বৃহস্পতিবার প্রতিদিন সকাল ৯:০০টা থেকে সন্ধ্যা ৬:০০টা পর্যন্ত)

Rocket মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা পেমেন্ট করার পদ্ধতি

Rocket একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে পেমেন্ট করার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে:

i. ডায়াল *৩২২#।
ii. "১ ডায়াল করে Payment" অপশন সিলেক্ট করতে হবে।
iii. "১ ডায়াল করে Bill Pay অপশন সিলেক্ট করতে হবে।
iv. নিজের একাউন্ট থেকে Payment করতে চাইলে "১ ডায়াল করে Self" অপশন সিলেক্ট করতে হবে এবং অন্যের একাউন্ট থেকে Payment দিতে চাইলে "২ ডায়াল করে Other" অপশন সিলেক্ট করে Enter Payer Mobile No. এর স্থলে আবেদনকারীর মোবাইল নাম্বার দিতে হবে।
v. Enter Biller ID. এর স্থলে '৩২১' টাইপ করতে হবে।
vi. Enter Bill Number এর স্থলে অবশ্যই Bill/Reference Number টি প্রদান করতে হবে।
vii. Enter Amount - '৮০৮' (সার্ভিস চার্জসহ ৮০৮/-টাকা ব্যালেন্স থাকতে হবে)।
viii. Enter PIN এর স্থলে Customer এর ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং Account এর PIN নম্বর দিতে হবে।
ix. রকেট কর্তৃক Payment Confirmation SMS আসবে। এই SMS থেকে Transaction ID (TxnID) সংরক্ষণ করতে হবে।

Rocket মোবাইল ব্যাংকিং হেল্প লাইন নম্বর 16216

Payment প্রদানে কোন সমস্যা হলে তা সমাধানের জন্য Transaction ID টি উল্লেখ করে admission@sau.ac.bd এ যোগাযোগ করতে হবে। Payment সঠিকভাবে সম্পন্ন হলে আবেদনকারী মোবাইল ফোনে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস পাবে অথবা ২৪ ঘন্টা পরে ওয়েবসাইটে (www.sau.ac.bd) Login করে payment status check করা যাবে।

৩.৪ Bill/Reference Number এবং User ID/Password ভুলে গেলে ওয়েবসাইটে (www.sau.ac.bd) এইচএসসি বোর্ড, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাশের সন Input দিলে পাওয়া যাবে (Password আবেদনকারীর প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে)।

৩.৫ **প্রবেশপত্র** Download: আগামী ১৬ নভেম্বর ২০১৮ হতে ২২ নভেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত যে কোন সময়ে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sau.ac.bd এ গিয়ে প্রবেশপত্র Download করে A4 সাইজের কাগজে প্রিন্ট করে নিতে হবে। প্রিন্টকৃত প্রবেশপত্রে স্বাক্ষরের স্থানে স্বাক্ষর দিয়ে নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজের রঙিন ছবি লাগাতে হবে। ভর্তি পরীক্ষার সময় উক্ত প্রবেশপত্র ও উচ্চ মাধ্যমিক সাটিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড নিয়ে আসতে হবে। অন্যথায় কাউকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

৩.৬ কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে ছবি Upload করার সময় নিম্নলিখিত রেকর্ডপত্রের Softcopy ওয়েবসাইটে Upload করতে হবে, অন্যথায় তাদের কোটায় ভর্তির আবেদন বিবেচিত হবে নাঃ

ক) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র।
খ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণকে মুক্তিযোদ্ধার সাথে পারিবারিক সম্পর্কের প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধার সনদপত্রে প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানা ভিন্ন হলে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নপত্র। উভয় প্রত্যয়নপত্রই জেলা প্রশাসক/ইউএনও/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হতে হবে।
গ) বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ও অ-উপজাতি এবং বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম ব্যতিত অন্যান্য জেলার উপজাতি আবেদনকারীকে স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্র।
ঘ) বিকেএসপি কোটায় আবেদনকারীকে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) হতে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় পাস করতে হবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

৩.৭ ভর্তি পরীক্ষার আসন বিন্যাস www.sau.ac.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে ও আবেদনকারীর প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে যথাসময়ে জানিয়ে দেয়া হবে।

৩.৮ ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে জানতে হলে মোবাইল নং 01591190589, 01703956158 কিংবা ই-মেইলঃ admission@sau.ac.bd এ যোগাযোগ করা যাবে।

৩.৯ ভর্তি ইচ্ছুক বিদেশি প্রার্থীগণ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে আবেদন করতে পারবে।

৪. ভর্তি পরীক্ষার পদ্ধতি

৪.১ উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যক্রম অনুসরণে পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা ও ইংরেজি বিষয়গুলোর উপর বহুনির্বাচনী (MCQ) পদ্ধতিতে ১০০ নম্বরের ১(এক) ঘন্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পৃথক নির্দিষ্ট উত্তরপত্রে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে বৃত্ত ভরাট করে প্রশ্নের উত্তর দিতে হবে যা অপটিক্যাল মার্ক রিডার (OMR) দ্বারা মূল্যায়ন করা হবে।

৪.২ ভর্তি পরীক্ষার নম্বর বন্টন: পদার্থবিদ্যা ২০, রসায়ন ২০, গণিত ২০, উদ্ভিদবিদ্যা ১৫, প্রাণিবিদ্যা ১৫, ইংরেজি ১০; মোট ১০০ নম্বর।

৪.৩ সাধারণ ঘড়ি ও ওয়েব সাইট/প্রবেশপত্রে উল্লিখিত মডেলের ক্যালকুলেটর ব্যতিত মোবাইল ফোন বা অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইস সাথে নিয়ে ভর্তি পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।

৫. রেজিস্ট্রেশন, ভর্তি পরীক্ষা গ্রহণ, ফলাফল প্রকাশ এবং ভর্তি সংক্রান্ত তারিখ ও সময়

বিষয়	তারিখ, বার ও সময়
অনলাইন (Online) এ আবেদন	০১ অক্টোবর ২০১৮ হতে ১৩ নভেম্বর ২০১৮ (ছুটির দিনসহ দিন-রাত ২৪ ঘন্টা)
ভর্তি পরীক্ষা	২৩ নভেম্বর ২০১৮, শুক্রবার সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:৩০ ঘটিকা পর্যন্ত
ফলাফল প্রকাশ	২৪ নভেম্বর ২০১৮, শনিবার (ফলাফল www.sau.ac.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে)
অনুষদ পছন্দক্রম	২৬ হতে ২৯ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে মেধা তালিকা ও অপেক্ষমান তালিকার শিক্ষার্থীদেরকে www.sau.ac.bd ওয়েবসাইটে অনুষদের পছন্দক্রম উল্লেখ করতে হবে।
মেধা তালিকা হতে ভর্তি	০৪ ডিসেম্বর ২০১৮, মঙ্গলবার সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত
অপেক্ষমান তালিকা হতে ভর্তি	০৯ ডিসেম্বর ২০১৮, রবিবার সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত
ওরিয়েন্টেশন	০৬ জানুয়ারি ২০১৯, রবিবার
ক্লাস শুরু	০৭ জানুয়ারি ২০১৯, সোমবার

৬. প্রার্থী বাছাই ও ভর্তি প্রক্রিয়া

৬.১ **মেধা স্কোরঃ** মোট ২০০ নম্বরের ভিত্তিতে মেধা স্কোর তৈরি করা হবে। লিখিত নির্বাচনী পরীক্ষার জন্য ১০০ নম্বর, এসএসসি/সমমান পরীক্ষার ফলাফল থেকে ৪০ নম্বর ও এইচএসসি/সমমান পরীক্ষার ফলাফল থেকে ৬০ নম্বর গণনা করা হবে। গ্রেডিং পদ্ধতিতে ৪র্থ বিষয় বাদে এসএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৮ গুণ এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১২ গুণ নম্বর ভর্তি পরীক্ষার নম্বরের সাথে যোগ করে মেধা তালিকা প্রস্তুত করা হবে।

৬.২ লিখিত পরীক্ষার পাশ নম্বর ৪০।

৬.৩ (ক) ভর্তির সময় নির্বাচিত প্রত্যেক প্রার্থীকে অবশ্যই জন্মনিবন্ধন সনদ, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এসএসসি ও এইচএসসি পাসের মূল গ্রেডসিট, প্রশংসাপত্র এবং সনদপত্রের মূল কপি জমা দিতে হবে।
(খ) এই বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল অফিসারের নিকট থেকে শারীরিক সুস্থতার সন্তোষজনক সনদপত্র ভর্তির সময় জমা দিতে হবে। অন্যথায় প্রার্থীকে ভর্তির অযোগ্য বলে গণ্য করা হবে।
(গ) আবাসিক হলে সিটের অপ্রতুলতাহেতু ভর্তিকৃত শিক্ষার্থীদের হলে সিট বরাদ্দের কোন নিশ্চয়তা নেই বিধায় নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে।
(ঘ) কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত যে কোন শর্ত/ নিয়ম সংশোধন, সংযোজন বা পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।

৬.৪ ভর্তি বিজ্ঞপ্তি, ভর্তি পরীক্ষার ফলাফল এবং ভর্তি সংক্রান্ত সকল তথ্য বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং www.sau.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৬.৫ প্রার্থী কোনরূপ ভুল বা অসঙ্গতিপূর্ণ তথ্য প্রদান করলে ভর্তি প্রক্রিয়ার যে কোন পর্যায়ে অথবা পরবর্তী সময়ে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৬.৬ ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(মো. বদরুল ইসলাম)
রেজিস্ট্রার
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট